ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/ময়-২৪৬/২০২৪/ ১৪৬৯২

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২১ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে ফুলবাড়ীয়া খাদেমুল ইসলাম (কে.আই) ফাজিল মাদরাসা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ {FULBARIA KHADEMUL ISLAM (K.I) FAZIL MADRASAH, EIIN-111470, CODE-11917} এর অধ্যক্ষের ০২.০৩.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'গ' অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'ঙ' মোতাবেক নিম্নোক্ত শর্তে ২১.০৫.২০২৫ খ্রি. থেকে ২০.০৫.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো;

শর্তসমূহ:

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ কার্যক্রম চালু হবে;
২. কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি হাদিস বিভাগে পাঠদানের জন্য উপযুক্ত ০২টি পৃথক কক্ষ, ০১টি সেমিনার কক্ষ এবং ০১টি বিভাগীয় কক্ষ নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩. মাদরাসার গ্রন্থাগারটি কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি হাদিস বিভাগে পাঠদানের জন্য কিতাব এবং রেফারেন্স গ্রন্থ দিয়ে আরো সমৃদ্ধ করতে হবে;
৪. নির্মাণাধীন সরকারি ভবনের কাজ সম্পন্ন হলে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি হাদিস বিভাগকে নতুন ভবনে স্থানান্তর করতে হবে;
৫. অধ্যক্ষ ও উপাধ্যক্ষের কক্ষে সংযুক্ত ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে;
৬. একাডেমিক কমিটি গঠন করে নিয়মিত শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতি এবং শিক্ষকদের পাঠদানের বিষয় পর্যবেক্ষণ ও রির্পোট সংরক্ষণ করতে হবে;
৭. শিক্ষার্থীদের সর্বোচ্চ উপস্থিতি এবং শ্রেণি কক্ষে মূল কিতাব/ বইয়ের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে;
৮. মাদরাসার ক্যাশবই নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সকল আর্থিক লেনদেন ফাইল নোটের অনুমোদনের মাধ্যমে করতে হবে;
৯. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে

২১/৫/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
E-mail: iauregistr@gmail.com

অধ্যক্ষ
ফুলবাড়ীয়া খাদেমুল ইসলাম (কে.আই) ফাজিল মাদরাসা
ডাকঘর: ফুলবাড়ীয়া, উপজেলা: ফুলবাড়িয়া
জেলা: ময়মনসিংহ।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/ময়-২৪৬/২০২৪/ ১৪৬৯২(৭)

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২১ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রোগ্রামার, আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, ফুলবাড়ীয়া খাদেমুল ইসলাম (কে.আই) ফাজিল মাদরাসা, ফুলবাড়ীয়া, জেলা: ময়মনসিংহ।
৭. অফিস নথি।

২১/৫/২০২৫

(মোঃ জাহান উদ্দিন)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা